

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২১৪.১৯. /১০০৯/৮

তারিখ: ১৪/১০/২০১৯ খ্রি।

বিষয়: শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন ডা. মোসলেম উদ্দিন খান কলেজের অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) জনাব  
মো: দেলোয়ার হোসেন এর বকেয়া বেতন ভাতা প্রদান।

সূত্র: মো: দেলোয়ার হোসেন, অধ্যক্ষ(সাময়িক বরখাস্তকৃত) এর ০২/০৯/২০১৯খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন ডা. মোসলেম উদ্দিন  
খান কলেজের অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) জনাব মো: দেলোয়ার হোসেন ২২/০৪/১৯৯৭খ্রি. তারিখে এমপিওভুক্ত হন।  
গভর্ণি বডি ২২/০৩/২০১৫খ্রি. তারিখে তাঁকে সাময়িক বরখাস্ত করেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন জনাব মো:  
মোসলেম রহমান, প্রভাষক(হিসাববিজ্ঞান) এর নিকট। সাময়িক বরখাস্তকালীন ৫০% হারে মোট ৯,৩৩,৯৫০/- (নয় লক্ষ  
তেরিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা কর্তন করা হয়। এজন্য জনাব মো: দেলোয়ার হোসেন (সাময়িক বরখাস্তকৃত)  
কর্তনকৃত ৯,৩৩,৯৫০/- (নয় লক্ষ তেরিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা বকেয়া প্রাপ্তির জন্য আবেদন করেন।

জনবল কাঠামো-২০১৮ এর ১৮(৫) ধারায় উল্লেখ আছে- “প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার  
অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্টি মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে  
পরবর্তীতে বকেয়া হিসাবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন  
করবে”।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

Alcolyc ১১.১৭  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং ৯৫৫৬০৫৭  
ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

#### অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

ডা. মোসলেম উদ্দিন খান কলেজ, জাজিরা, শরীয়তপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, ডা. মোসলেম উদ্দিন খান কলেজ, জাজিরা, শরীয়তপুর।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, জাজিরা, শরীয়তপুর।
- ৫। জনাব মো: দেলোয়ার হোসেন, অধ্যক্ষ(সাময়িক বরখাস্তকৃত), ডা. মোসলেম উদ্দিন খান কলেজ, জাজিরা, শরীয়তপুর।
- ৬। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২১৪.১৯, /৪৮৮/৭/৭

তারিখ: ১/১১/২০১৯ খ্রি।

বিষয়: শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন ডা. মোসলেম উদ্দিন খান কলেজের অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) জনাব  
মো: দেলোয়ার হোসেন এর বকেয়া বেতন ভাতা।

সূত্র: মো: দেলোয়ার হোসেন, অধ্যক্ষ(সাময়িক বরখাস্তকৃত) এর ০২/০৯/২০১৯খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) জনাব মো: দেলোয়ার হোসেন  
এর আবেদনে প্রদত্ত তথ্যমতে তিনি ২২/০৪/১৯৯৭খ্রি. তারিখে এমপিওভুক্ত হন। গভর্ণিং বডি ২২/০৩/২০১৫খ্রি. তারিখে  
তাঁকে সাময়িক বরখাস্ত করেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয় জনাব মো: মোস্তাফিজুর রহমান, প্রভাষক  
(হিসাববিজ্ঞান) এর নিকট। সাময়িক বরখাস্তকালীন ৫০% হারে মোট ৯,৩৩,৯৫০/- (নয় লক্ষ তেত্রিশ হাজার নয়শত  
পঞ্চাশ) টাকা কর্তন করা হয়। জনাব মো: দেলোয়ার হোসেন (সাময়িক বরখাস্তকৃত) এর কর্তনকৃত ৯,৩৩,৯৫০/- (নয় লক্ষ  
তেত্রিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকার মধ্যে ৫,৮৯,৯৫০/- (পাঁচ লক্ষ উননবই হাজার নয়শত পঞ্চাশ) টাকা কলেজের  
ব্যাংক হিসাব নং-চ-৬১৮ তে ট্রান্সফার করা হয়েছে।

এমতাবস্থায়, কর্তনকৃত ৯,৩৩,৯৫০/- (নয় লক্ষ তেত্রিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকার মধ্যে ৫,৮৯,৯৫০/- (পাঁচ লক্ষ  
উননবই হাজার নয়শত পঞ্চাশ) টাকা কলেজের ব্যাংক হিসাব নং-চ-৬১৮ তে ট্রান্সফার করার বিষয়ে মতামত প্রদানের  
জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alcon ৫/১.১৯  
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

ব্যবস্থাপক

অঙ্গীকৃত ব্যাংক লিমিটেড, জাজিরা শাখা, শরীয়তপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, ডা. মোসলেম উদ্দিন খান কলেজ, জাজিরা, শরীয়তপুর।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, জাজিরা, শরীয়তপুর।
- ৫। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ডা. মোসলেম উদ্দিন খান কলেজ, জাজিরা, শরীয়তপুর।
- ৬। জনাব মো: দেলোয়ার হোসেন, অধ্যক্ষ(সাময়িক বরখাস্তকৃত), ডা. মোসলেম উদ্দিন খান কলেজ, জাজিরা, শরীয়তপুর।
- ৭। সংরক্ষণ নথি।